ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
www.iau.edu.bd iauins13@gmail.com

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-০৯/২০১৫/৯৫১৫১ তারিখ : ১৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ২৯ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

কচুয়া আহমদিয়া ফাজিল মাদরাসা ডাকঘর: শাহাপুরা, উপজেলা: রাজগঞ্জ, জেলা: লক্ষীপুর-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৪.০৬.২০২৬ খ্রি. দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত ৩য় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৬ খ্রি. থেকে ৩০.০৬.২০৩০ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো-

শর্তসমূহ :

১. অধ্যক্ষ এবং উপাধ্যক্ষ সহ সকল শূণ্য পদে দ্রুত নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২. মাদরাসার আলিম ও ফাজিল শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করে নিয়মিত ক্লাসে উপস্থিত হওয়ার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।
৩. অধ্যক্ষ এবং মহিলা শিক্ষকদের জন্য সংযুক্ত শৌচাগারের ব্যবস্থা ও বাকীগুলো সংস্কার করে সর্বদা পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
৪. শ্রেণিকক্ষে মানসম্মত পাঠদানের জন্য সকল শিক্ষকদের ইন-হাউজ প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।
৫. মাদরাসার গ্রন্থাগারের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করে আরও সুন্দর ও সমৃদ্ধ করে শিক্ষার্থীদের গ্রন্থাগার ব্যবহারে উৎসাহী করতে হবে।
৬. মাদরাসার দখলীয় যেসকল জমি নামজারী করা হয়নি তা দ্রুত নামজারী করার ব্যবস্থা করতে হবে।
৭. দাখিল স্তরের শিক্ষার্থীদের জন্য আলাদা বিজ্ঞানাগার স্থাপন করে তা ব্যবহারে উৎসাহী করতে হবে।
৮. বিভিন্ন খাতে ব্যয়ের সকল ভাউচার অভ্যন্তরীণ অডিট কমিটির নিরীক্ষার মাধ্যমে গর্ভণিং বডির সভায় অনুমোদন ও সঠিকভাবে সংরক্ষণ করতে হবে।
৯. একাডেমিক কমিটি গঠন করে ক্লাস পর্যবেক্ষণ রিপোর্ট সংরক্ষণ ও রুটিন অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষক পাঠদান করেন কিনা তা শতভাগ নিশ্চিত করা।
১০. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

২৯/১০/২৬
প্রফেসর ড. হুসাইন আহমাদ
পরিদর্শক (অতি: দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ
কচুয়া আহমদিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: শাহাপুরা, উপজেলা: রাজগঞ্জ, জেলা: লক্ষীপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-০৯/২০১৫/৯৫১৫১ তারিখ : ১৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ২৯ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
২। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৩। ভাইস চ্যান্সেলর একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। সভাপতি, কচুয়া আহমদিয়া ফাজিল মাদরাসা ডাকঘর: শাহাপুরা, উপজেলা: রাজগঞ্জ, জেলা: লক্ষীপুর।
৬। অফিস নথি।

29.10.2026
(শিরিনা আক্তার)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল: ০১৯১১-৬৮৮৬৯৬